

"মুজিব কিল্লা নির্মাণ, সংস্কার ও উন্নয়ন" শীর্ষক প্রকল্পের সার-সংক্ষেপ

১.০ প্রকল্পের শিরোনাম : "মুজিব কিল্লা নির্মাণ, সংস্কার ও উন্নয়ন" শীর্ষক প্রকল্প

২.১ উদ্যোগী মন্ত্রনালয়/বিভাগ : দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রনালয়

২.২ বাস্তবায়নকারী সংস্থা (সংস্থাসমূহ) : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

২.৩ পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগ : কৃষি, পানি সম্পদ ও পল্লী উন্নয়ন বিভাগ

৩.০ প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা
(সুবিধাভোগীসহ) (বুলেট আকারে লিখতে হবে। পরিমাপ এবং/অথবা শতকারা হারে উল্লেখ করতে হবে)

উদ্দেশ্যঃ

■ দুর্যোগ কবলিত জনসাধারণ ও তাদের পরিবারের জীবন রক্ষা এবং মূল্যবান দ্রব্য-সামগ্রী নিরাপদে সংরক্ষণ;

■ দুর্যোগে আক্রান্ত গৃহপালিত প্রাণীদের নিরাপদ আশ্রয় নিশ্চিত করণ;

গ) স্বাভাবিক সময়ে বহুমুখী ব্যবহারের লক্ষ্যে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা, খেলার মাঠ ও হাট-বাজার হিসেবে ব্যবহারকরণ

■ গ্রাম ও ইউনিয়ন কমিউনিটির বিভিন্ন সামাজিক অনুষ্ঠানাদি, বিভিন্ন সরকারী/বেসরকারী প্রতিষ্ঠানসমূহের কমিউনিটি উন্নয়নের লক্ষ্যে বৈঠক/সভা আয়োজন

■ বিভিন্ন সরকারী/বেসরকারী প্রতিষ্ঠানের আওতায় অনুষ্ঠিতব্য প্রশিক্ষণ কার্যক্রমের স্থান হিসেবে ব্যবহারকরণ।

■ দুর্যোগ পূর্ববর্তী/দুর্যোগকালীন/দুর্যোগ পরবর্তী সময়ে অস্থায়ী সেবাকেন্দ্র হিসেবে ব্যবহারকরণ

লক্ষ্যমাত্রাঃ

দেশের ঘূর্ণিঝড় প্রবণ ১৬টি জেলার ৬৪টি উপজেলা এবং বন্যাপ্রবণ ও নদী ভাঙ্গন এলাকার ২২টি জেলার ৮৪টি উপজেলায় বিদ্যমান ১৭২টি মুজিব কিল্লা সংস্কার ও উন্নয়ন এবং নতুন ৩৭৮টি মুজিব কিল্লা নির্মাণ করা হবে।

(মোট মুজিব কিল্লার সংখ্যা=৫৫০টি)

৪.০ প্রকল্পের বাস্তবায়নকাল:

ক) শুরুর তারিখ	: ১লা জুলাই, ২০১৮
খ) সমাপ্তির তারিখ	: ৩১শে ডিসেম্বর, ২০২১

৫.০ প্রকল্পের প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)

মোট	১৯৫৭৪৯.০০	লক্ষ টাকা
জিওবি	১৯৫৭৪৯.০০	লক্ষ টাকা
নিজস্ব অর্থ	০.০০	লক্ষ টাকা
অন্যান্য	০.০০	লক্ষ টাকা

৬.০ প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমঃ

"এ" ক্যাটাগরিতে ১৮৬টি মুজিব কিল্লা তন্মধ্যে ৫৫ টি বিদ্যমান মুজিব কিল্লা পুনঃনির্মাণ/সংস্কার করা হবে এবং ১৩১টি নতুন নির্মাণ করা হবে;

"বি" ক্যাটাগরিতে ১৭১টি মুজিব কিল্লা তন্মধ্যে ৬৩টি বিদ্যমান মুজিব কিল্লা পুনঃনির্মাণ/সংস্কার করা হবে এবং ১০৮টি নতুন নির্মাণ করা হবে;

"সি" ক্যাটাগরিতে ১৯৩টি মুজিব কিল্লা তন্মধ্যে ৫৪টি বিদ্যমান মুজিব কিল্লা পুনঃনির্মাণ/সংস্কার করা হবে এবং ১৩৯টি নতুন নির্মাণ করা হবে।

৭.০ প্রকল্প এলাকা

বিভাগ	জেলা
রংপুর	গাইবান্ধা, নীলফামারি, কুড়িগ্রাম, লালমনিরহাট
রাজশাহী	বগুড়া, সিরাজগঞ্জ, নাটোর, রাজশাহী,
ঢাকা	টাংগাইল, শরীয়তপুর, ফরিদপুর, মাদারীপুর, মানিকগঞ্জ, গোপালগঞ্জ, মুন্সিগঞ্জ, কিশোরগঞ্জ
ময়মনসিংহ	নেত্রকোনা, জামালপুর, শেরপুর
চট্টগ্রাম	ফেনী, কক্সবাজার, চট্টগ্রাম, নোয়াখালী, লক্ষীপুর, কুমিল্লা, চাঁদপুর,
বরিশাল	পটুয়াখালী, বরগুনা, ভোলা, পিরোজপুর, বরিশাল, ঝালকাঠি
খুলনা	বাগেরহাট, সাতক্ষীরা, খুলনা, যশোর, নড়াইল
সিলেট	সুনামগঞ্জ